গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.ssd.gov.bd

স্মারক নং- ৫৮.০০.০০০০.০১৪.০৬.০০৬.২০১৮- ৬২৪          তারিখঃ ১৩ অগ্রাহায়ণ ১৪২৫ / ২৭ নভেম্বর ২০১৮

বিষয়ঃ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১১ নভেম্বর ২০১৮ তারিখে অনুষ্টিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসঙ্গে প্রেরণ করা হলো। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত "ছকে" তথ্যসহ আগামী ০২-১২-২০১৮ তারিখের মধ্যে হার্ডকপি সরাসরি এবং সফট কপি পেনড্রাইভে (Nikosh font ১৩ সাইজে) প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সভার কার্যবিবরণী।

২৭.১১.১৮
(মোঃ আবদুল কাদির)
উপসচিব
ফোন:+৮৮০ ৪৭১২৪৩৫৯
admin3@ssd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

সুরক্ষা সেবা বিভাগঃ

১। অতিরিক্ত সচিব .................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
২। যুগ্মসচিব ..................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৩। উপসচিব .................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৪। উপপ্রধান(পরিকল্পনা), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৬। সিনিয়র সহকারী সচিব ..................(সকল),সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৭। সিনিয়র সহকারী প্রধান(পরিকল্পনা-১), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৮। সহকারী প্রধান(পরিকল্পনা-২), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৯। প্রোগ্রামার, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ।
১০। সহকারী সচিব.................(সকল),সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

অধিদপ্তরসমূহঃ

১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
৩। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৪। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।

অনুলিপিঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

১১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
www.ssd.gov.bd

## সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর আওতাধীন অধিদপ্তরসমূহের অক্টোবর ২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতিঃ ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী, সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
তারিখ ও সময়ঃ ১১ নভেম্বর ২০১৮, বিকাল ০৩.৩০ মিনিট
স্থানঃ সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সুরক্ষা সেবা বিভাগের অধীন প্রতিটি অধিদপ্তর/সংস্থা ও উইং এর চলমান কার্যক্রমকে গতিশীল করার জন্য আরো আন্তরিকতা ও দক্ষতার সাথে কাজ করতে তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। অতপর আলোচ্যসূচি অনুযায়ী বিভিন্ন বিষয়ের ওপর অনুষ্ঠিত আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

| | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | |
|---|---|---|---|
| ১ | গত সভার (সেপ্টেম্বর, ২০১৮) কার্যবিবরণী নিশ্চিতকরণ। | সেপ্টেম্বর, ২০১৮ মাসের সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিতে তা নিশ্চিত করা হয়। | |

| নং | বিষয় ও আলোচনা | সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়নকারী |
|---|---|---|
| ২.১ | **মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি:** | |
| | **ই-টেন্ডারিং:**<br>**সুরক্ষা সেবা বিভাগ:** অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) অনুসারে ইজিপি পদ্ধতিতে ১টি মাইক্রোবাস, ১টি মোটর সাইকেল ও দরজা-জানালার পর্দা ক্রয়ের কার্যক্রম চলমান রয়েছে।<br>**বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর:** ২০টি পণ্য বা প্যাকেজ ইজিপি পদ্ধতিতে ক্রয়ের জন্য ই-বিজ্ঞাপন দেয়া হয়েছে।<br>**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর:** ই-জিপি পদ্ধতিতে ক্রয় কার্যক্রম চলমান রয়েছে।<br>**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর:** ই-জিপি পদ্ধতিতে ক্রয় কার্যক্রম অব্যাহত আছে।<br>**কারা অধিদপ্তর:** ৩৩টি প্যাকেজের দরপত্র ই-জিপি পদ্ধতিতে আহবান করা হয়েছে। | • সকল অধিদপ্তর কর্তৃক প্রস্তুতকৃত বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুসারে সকল প্রকার পণ্য/সেবা পিপিআরসহ সংশ্লিষ্ট বিধি-বিধান অনুসরণপূর্বক ১০০% ই-জিপি পদ্ধতিতে সম্পন্ন করা ।<br>• অধিদপ্তরসমূহের ই-জিপিতে ক্রয় কার্যক্রম উইং প্রধানগণ কর্তৃক follow up এ রাখা;<br>**বাস্তবায়নে:** অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/উপসচিব(প্রশাসন-২)। |

**২.২**

- **বাংলাদেশ এবং ব্রাজিলের মধ্যে এবং বাংলাদেশ ও সার্বিয়ার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল/ সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদনঃ** উভয় চুক্তিই স্বাক্ষরের কার্যক্রম ত্বরান্বিত করার জন্য ২৮ আগস্ট, ২০১৮ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণপূর্বক এর অনুলিপি ব্রাজিল ও সার্বিয় দূতাবাসে প্রেরণ করা হয়েছে।
- গত ২৬-১০-২০১৮ তারিখে বাংলাদেশ ও চীনের স্বরাষ্ট্র মন্ত্রী পর্যায়ের বৈঠকে গৃহীত সিদ্ধান্ত/প্রস্তাবের পরিপ্রেক্ষিতে গৃহীত কার্যক্রমের অগ্রগতি সর্ম্পকে আলোচনা হয়।

সিদ্ধান্ত:

- জনাব মনিরা হক, সিনিয়র সহকারী সচিব(বহি-২) কর্তৃক বাংলাদেশ –ব্রাজিল, বাংলাদেশ –সার্বিয়াসহ অন্য দেশের সাথেও সম্পাদিতব্য চুক্তির বিষয়ে সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক এ পর্যন্ত গৃহীত পদক্ষেপ সারসংক্ষেপ আকারে সচিবের নিকট উপস্থাপন করা এবং চুক্তি স্বাক্ষর কার্যক্রম ত্বরান্বিত করতে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখা;
- এছাড়া ২৬-১০-২০১৮ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ ও চীনের স্বরাষ্ট্র মন্ত্রী পর্যায়ের বৈঠকে সুরক্ষা সেবা বিভাগ সংশ্লিষ্ট প্রস্তাব/সিদ্ধান্তসমূহের প্রেক্ষিতে করণীয়/গৃহীত কার্যক্রম বিষয়ে ১৪-১১-২০১৮ তারিখের মধ্যে সচিবের নিকটি একটি সারসংক্ষেপ উপস্থাপন করা।

**বাস্তবায়নে:** জনাব মোহাম্মদ আজহারুল হক, অতিরিক্ত সচিব/জনাব মনিরা হক, সিনিয়র সহকারী সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ) ।

---

- **জেল কোড সংশোধনঃ** Jail Code সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক Jail Code Rules খসড়া পর্যালোচনাধীন রয়েছে। পর্যালোচনান্তে Jail Code Rules এর খসড়া মূল কমিটির নিকট উপস্থাপন করা হবে।
- আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় সংশ্লিষ্ট কমিটি/উপকমিটি কর্তৃক সংশোধিত Jail Code বাংলা ভাষায় প্রণয়ন করা হচ্ছে। 'Bangladesh Prison's and Correctional Services Act ২০১৭' নামে নতুন করে আইন প্রণয়নের কার্যক্রম চলমান আছে।

- Jail Code সংশ্লিষ্ট উপকমিটিতে Jail Code Rules এর খসড়া পর্যালোচনাধীন রয়েছে। পর্যালোচনার কাজ এখনো সম্পন্ন না হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন, এক্ষণে উপকমিটি কর্তৃক আইন ও বিধির ধারাসমূহ পর্যালোচনার কাজ দ্রুত সম্পন্নপূর্বক চূড়ান্ত করা।

**বাস্তবায়নে:** কারা অনুবিভাগ প্রধান।

**নাগরিকত্ব আইন, ২০১৬:** আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে পেন্ডিং আছে।

- আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রেখে ভেটিং কার্যক্রম সম্পন্ন করার ব্যবস্থা করা;

**বাস্তবায়নে:**কারা অনুবিভাগ, কারা অধিদপ্তর ও সংশ্লিষ্ট উপকমিটি ।

---

**২.৩ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি :**

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের নির্ধারিত পরিকল্পনা অনুযায়ী ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।

- মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসরণপূর্বক বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি শতভাগ বাস্তবায়নের জন্য রোড ম্যাপ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা।

**বাস্তবায়নে:** জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী, অগ্নি অনুবিভাগ ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা /অধিদপ্তর প্রধান(সকল)।

---

**২.৪** <u>সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহের শূন্যপদ পুরণ কার্যক্রম সংক্রান্ত তথ্যাদি:</u>

| মন্ত্রণালয়/মন্ত্রণালয়ের অধীনস্থ অধিদপ্তর (মোট পদ সংখ্যা) | অনুমোদিত পদ | পুরণকৃত পদ | শূন্যপদ |
|---|---|---|---|
| সুরক্ষা সেবা বিভাগ | ২৬০ | ১৯১ | ৬৯ |
| বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর | ১১৬১ | ১০৬৮ | ৯৩ |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ১৭১৩ | ১১৮৩ | ৫৩০ |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ১০৫৫২ | ৮৬২০ | ১৯৩২ |
| কারা অধিদপ্তর : | ১২১৭৩ | ১০৫৯৬ | ১৫৭৭ |

- অধিদপ্তরসমূহের শূন্য পদে নিয়োগের ছাড়পত্র প্রদান করার পরপরই শূন্য পদে জনবল নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্ন করা;
- পিএসসি এর মাধ্যমে নিয়োগযোগ্য শূন্য পদ পূরণের জন্য পিএসসিতে যোগাযোগ অব্যাহত রাখা এবং অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন করা;
- শিরীন রুবী, উপসচিব, বহি-৩ কর্তৃক কারা অধিদপ্তরের নিয়োগ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক অগ্রগতি সচিবের নিকট উপস্থাপন করা।
- জনাব এ টি এম আবু আসাদ, অতিরিক্ত মহাপরিচালক (মানব সম্পদ ব্যবস্থাপনা ও অর্থ),বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর কর্তৃক মন্ত্রণালয়ে পেন্ডিং আছে এমন কাজের তালিকা করে সংশ্লিষ্ট উইং/শাখার সাথে সমন্বয় সাধন করে দ্রুত নিস্পতির ব্যবস্থা করা।

**বাস্তবায়নে:** অধিদপ্তর প্রধান(সকল)/ সংশ্লিষ্ট উইং প্রধান/ জনাব এ টি এম আবু আসাদ, অতিরিক্ত মহাপরিচালক (মানব সম্পদ ব্যবস্থাপনা ও অর্থ),বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর/শিরীন রুবী, উপসচিব(বহি-

| | | |
|---|---|---|
| | | ৩)/সিনিয়র সহকারী সচিব(প্রশাসন-১)। |
| ২.৫ | অডিটঃ<br>• **বহিরাগমন ওপাসপোর্ট অধিদপ্তর:** মোট আপত্তি-৪৩টি, বিবেচ্য মাসে নিস্পত্তি- নেই। অবশিষ্ট-৪৩টি।<br>• **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর**-মোট আপত্তি-১২৯টি, বিবেচ্য মাসে নিস্পত্তি- ০১টি, অবশিষ্ট-১২৮টি।<br>• কারা **অধিদপ্তর**:-মোট আপত্তি-২৬৪টি, বিবেচ্য মাসে নিস্পত্তি- ২১টি, অবশিষ্ট-২৪৩টি।<br>• **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর:** কোন আপত্তি নেই। | • কোন দপ্তর বা সংস্থায় ব্রডশীট জবাব প্রদান যেন পেন্ডিং না থাকে তা নিশ্চিত করা;<br>• সময়মত বস্তুনিষ্ঠ জবাব প্রেরণ না করার কারণে সাধারণ আপত্তি যেন অগ্রিম আপত্তিতে রূপান্তরিত না হয় সে জন্য সথাসময়ে প্রমাণকসহ জবাব দেয়া;<br>• অধিদপ্তর/সংস্থাওয়ারী অডিটের শ্রেণিবিন্যাস অনুযায়ী সাধারণ, অগ্রিম, খসড়া ও সংকলন আপত্তির পৃথক পৃথক হিসাব সমন্বয় সভায় উপস্থাপন করা;<br>• দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার সংখ্যা, নিষ্পত্তির জন্য সুপারিশকৃত অনুচ্ছেদ সংখ্যা, অডিট অধিদপ্তর কর্তৃক নিষ্পত্তিকৃত অনুচ্ছেদ সংখ্যা ইত্যাদি ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক ছকে সমন্বয় সভায় উপস্থাপন করা;<br>• অধিদপ্তরের ফোকাল কর্মকর্তা কর্তৃক যথাসময়ে দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার সকল প্রমাণকসহ প্রতিমাসে দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার আয়োজন করা;<br>• এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা যুগ্মসচিব(বাজেট-২) কর্তৃক অডিট আপত্তি সংক্রান্ত প্রতিবেদন মাসিক সমন্বয় সভায় নির্ধারিত "ছকে" উপস্থাপন করা।<br><br>**বাস্তবায়নে:** সংশ্লিষ্ট অনুবিভাগ/অধিদপ্তর প্রধান/ যুগ্মসচিব(বাজেট-২) ও ফোকাল কর্মকর্তা। |
| ২.৬ | পেনশনঃ | |
| | **বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরঃ** পেন্ডিং পেনশন কেইস নাই।<br>**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরঃ**ঢাকার গোয়েন্দা অঞ্চলের প্রাক্তন উপপরিদর্শক মরহুম বেলায়েত হোসেন এর পারিবারিক পেনশন।<br>**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরঃ** ০১টি অনিষ্পন্ন পেনশন কেইস ২য় স্ত্রীর সন্তানের DNA পরীক্ষার কোর্ট ফি জমা করা হয়েছে DNA রিপোর্ট পাওয়া যায়নি। বর্ণিত কাগজপত্রাদি প্রাপ্তি সাপেক্ষে পেনশন কেইসটি দ্রুত নিস্পত্তি করা হবে।<br>কারা অধিদপ্তরঃ<br>• সুরক্ষা সেবা বিভাগের চাহিদার প্রেক্ষিতে কারা অধিদপ্তর হতে ২৬-০৬-২০১৮ তারিখে সংশ্লিষ্ট কর্মকর্তার বিভিন্ন মামলার রায়ের কপিসমূহের ছায়ালিপি সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>• ঢাকা কেন্দ্রীয় কারাগারের অবসর প্রাপ্ত সিনিয়র তত্ত্বাবধায়ক (চঃদাঃ) জনাব মোঃ ফরমান আলীর অবসর ভাতার প্রস্তাব ০৫-০৬-২০১৮ তারিখে এবং ঢাকা বিভাগের অবসর প্রাপ্ত কারা উপ মহাপরিদর্শক (চঃদাঃ) জনাব মোঃ গোলাম হায়দারের অবসর ভাতার প্রস্তাব ১২-০৭-২০১৮ তারিখে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>• কারা অধিদপ্তরের মৃত কারারক্ষী মো: শাহীনুর ইসলাম এর স্ত্রীর পাশাপাশি বৃদ্ধ পিতা-মাতাকে পারিবারিক পেনশন প্রদানের বিষয়ে মতামত প্রদানের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে পত্র লেখা হয়েছে।<br>• কারাবিভাগের অবসর প্রাপ্ত কারা উপ মহাপরিদর্শক (চঃদাঃ) জনাব মোঃ গোলাম হায়দারের অবসর ভাতার প্রস্তাব ১২.০৭.২০১৮ তারিখে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ হয়েছে। বর্তমানে পেনশন মঞ্জুরির কার্যক্রম সুরক্ষা সেবা বিভাগে প্রক্রিয়াধীন আছে।<br>• কিশোরগঞ্জ জেলা কারাগারের অবসর প্রাপ্ত জেল সুপার (চ:দা:) জনাব মোঃ আনোয়ারুল হক এর অবসর ভাতা মঞ্জুরির প্রস্তাব ০১-১০-২০১৮ তারিখে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে। বর্তমানে পেনশন মঞ্জুরির কার্যক্রম সুরক্ষা সেবা বিভাগে প্রক্রিয়াধীন আছে। | • এ বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের যে সকল কর্মকর্তা/কর্মচারীদের পেনশন কেসের প্রস্তাব এ বিভাগে অনিষ্পন্ন রয়েছে সে সকল প্রস্তাব দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা;<br>• পেনশন কেসসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান কর্তৃক তত্ত্বাবধায়ন করা ।<br><br>**বাস্তবায়নে** : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ। |

**২.৭ পরিদর্শন:**

**সিদ্ধান্তসমূহ :**

- প্রত্যেক মাসে আওতাধীন দপ্তরসমূহের মহাপরিচালকসহ উর্ধতন কর্মকর্তাগণ কর্তৃক নিয়মিত চলমান উন্নয়ন প্রকল্পসহ ও অধস্তন দপ্তরসমূহের কার্যক্রম পরিদর্শন করা;
- চলমান উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি এবং মাঠ পর্যায়ের দপ্তর কর্তৃক প্রদত্ত সেবার মান যাচাই করা এবং সেবার মান উন্নয়নে সেবা গ্রহীতাদের সাথে মতবিনিময় করা, বিরাজমান গুরুতর সমস্যাসমূহ উর্ধতন কর্মকর্তার নিকট মতামতসহ লিখিতভাবে অবহিত করা;
- উর্ধতন কর্মকর্তা এর পরিদর্শন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা, সংশ্লিষ্ট অনুবিভাগ কর্তৃক পরিদর্শনে প্রদত্ত সুপারিশ এর প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

**বাস্তবায়নে :** অধিদপ্তর প্রধান (সকল)/অনুবিভাগ প্রধান(সকল)।

**২.৮ অনিষ্পন্ন বিষয়/পত্রাদি:**

সভায় অধিদপ্তর প্রধান সকলেই জানান যে, অনিষ্পন্ন বিষয় সমূহের নিষ্পত্তির কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

- অধিদপ্তরসমূহের সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ কর্তৃক সুরক্ষা সেবা বিভাগের অনুবিভাগ প্রধানগণের সাথে আলোচনাক্রমে অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তি করা।

**বাস্তবায়নে:** অধিদপ্তর প্রধান (সকল)/ সংশ্লিষ্ট অনুবিভাগ

**২.৯ প্রশিক্ষণ:**

| অধিদপ্তরের নাম | কর্মকর্তা/ কর্মচারীর শ্রেণি | কর্মকর্তা/ কর্মচারীর সংখ্যা | গত মাস পর্যন্ত প্রশিক্ষণ | বর্তমান মাসের প্রশিক্ষণ | ক্রমপুঞ্জি ভূত প্রশিক্ষণ |
|---|---|---|---|---|---|
| বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর: | ১ম | ৪ | ৯৫ | ০০ | ৯৫ |
| | ২য় | ১০ | ৮৫ | ০ | ৮৫ |
| | ৩য় | ১৯৯ | ১১ | ০০ | ১১০ |
| | ৪র্থ | ৪১ | ৬ | ২৪ | ৪০ |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর: | ১ম | ১০৬ | ২৭.৭৩ | ০ | ৩১ |
| | ২য় | ১৪৫ | .৭৫ | ২.৭৫ | ৫.৫ |
| | ৩য় | ৬৩৩ | ০০ | .৯৪ | .৯৪ |
| | ৪র্থ | ৮০ | ০০ | ০০ | ০০ |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর: | ১ম | ২৭ | ০০ | ৫.৭৭ | ৫.৭৭ |
| | ২য় | ৭২২ | ০০ | ২৭.২১ | ২৭.২১ |
| | ৩য় | ১৮৪২ | ৩৮ | ৪৩.২৭ | ৮১.২৭ |
| | ৪র্থ | ৬০৫৩ | ৮.৭৬ | ৩২.১২ | ৪০.৮৮ |
| কারা অধিদপ্তর: | ১ম | ১৩৪ | ৮২ | ২ | ৮৪ |
| | ২য় | ১৭৭ | ৭২ | ৫ | ৭৭ |
| | ৩য় | ৩৯৮ সিভিল | ৬৮ | ৪ | ৭২ |
| | ৩য় | ৯২৩১ ইউনিফরম | ৬৯ | ৫ | ৭৪ |
| | ৪র্থ | ২৩ | ৬২ | ০০ | ৬২ |

**সিদ্ধান্তসমূহ :**

- কর্মকর্তা-কর্মচারীগণের প্রয়োজন ও চাহিদার ভিত্তিতে বার্ষিক প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত করা;
- প্রশিক্ষণসূচি যথা সময়ে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীগণকে অবহিত করা যাতে কর্মকর্তা/কর্মচারীগণ যথাসময়ে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারেন;
- প্রতি কর্মকর্তা/কর্মচারীর ৬০ ঘন্টার প্রশিক্ষণের মধ্যে ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ ঘন্টা ও অবশিষ্ট প্রশিক্ষণ ঘন্টার পরিসংখ্যান নির্ধারিত ছকে সভায় উপস্থাপন করা;
- সকল কর্মকর্তা/কর্মচারীগণের জন্য Need based প্রশিক্ষণের ব্যবস্থা করা এবং নির্ধারিত সময়ের মধ্যে তা সম্পন্ন করা।

বাস্তবায়নে: জনাব শিরীন রুবী, উপসচিব(বহিরাগমন-৩) ও প্রশিক্ষণ ফোকাল কর্মকর্তা

**২.১০ ওয়েবসাইট হালনাগাদকরণ :**

- বড় বড় মন্ত্রণালয়ের অনুসরণে সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের ওয়েবসাইট সমৃদ্ধ করা;
- জারিকৃত জরুরি নোটিশসমূহ, জিও, প্রজ্ঞাপন, অফিস আদেশ, সভার কার্যবিবরণী, এনওসি, গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি, প্রকল্পের তথ্য হালকরণ ও বিভিন্ন প্রোগ্রামের ছবি ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয়সমূহ যথারীতি ওয়েবসাইটে আপলোড করা;
- এ বিভাগ এবং আওতাধীন দপ্তরসমূহের ওয়েবসাইট নিয়মিত আপলোডের অগ্রগতি সমন্বয় সভায় ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মো: হেলাল মাহমুদ শরীফ, উপসচিব কর্তৃক উপস্থাপন করা।

**বাস্তবায়নে:** অধিদপ্তর প্রধান (সকল)/জনাব মো: হেলাল মাহমুদ শরীফ, যুগ্মসচিব(বহি-০৪ অধিশাখা)।

<table>
<tr>
<td>২.১১</td>
<td>ই-ফাইলিং:<br>• সভাকে জানানো হয়, ৩১-১০-২০১৮ তারিখের প্রতিবেদন অনুযায়ী মধ্যম ক্যাটাগরির মন্ত্রণালয়/বিভাগসমূহের মধ্যে ই-নথি কার্যক্রমে সুরক্ষা সেবা বিভাগ ২য় স্থান অধিকার করেছে।<br>• অধিদপ্তরসমূহের চলমান ই-ফাইলিং কার্যক্রম আরো ত্বরান্বিত করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।</td>
<td>• সচিবালয় নির্দেশমালা, ২০১৪ যথাযথভাবে অনুসরণপূর্বক ই-ফাইলিং এর জন্য প্রযোজ্য নথির ধরন অনুযায়ী নথি খোলা এবং সে অনুযায়ী নথি উপস্থাপন করা;<br>• ই-ফাইলিং এর মাধ্যমে পত্র উপস্থাপনপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে পত্র জারির মাধ্যমে নিষ্পত্তি করা;<br>• ই-ফাইলিং কার্যক্রমে আরো উৎকর্ষতা আনয়নপূর্বক গুণগত মান বৃদ্ধি করা।<br>• ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়নের সামগ্রিক অগ্রগতি শাখা/অধিদপ্তরওয়ারী শতকরা হারে প্রদর্শন করা;<br><br>বাস্তবায়নে: অধিদপ্তর প্রধান (সকল)/ জনাব মোহাম্মদ আবদুল হাই মিল্টন, সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১)।</td>
</tr>
<tr>
<td>২.১২</td>
<td>ইনোভেশন ও উত্তম চর্চাঃ বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের ইনোভেশন সংখ্যা ০৪টি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর ০২টি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ইনোভেশন সংখ্যা ০২টি, কারা অধিদপ্তরের ইনোভেশন সংখ্যা ০৫টি।</td>
<td>• ইনোভেশন কার্যক্রম বাস্তবায়নে দৃশ্যমান উন্নতি সাধনে ফোকাল পয়েন্ট কর্মকর্তাসহ সংশ্লিষ্টদের আরও আন্তরিকতা এবং তৎপর হওয়া;<br>• ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে জনাব হেলাল মাহমুদ শরীফ, যুগ্মসচিব(বহি-৪) ও ফোকাল কর্মকর্তা কর্তৃক অধিদপ্তরসমূহের ফোকাল কর্মকর্তাগণের সাথে সভা করা এবং প্রতিবেদন আকারে সমন্বয় সভায় উপস্থাপন করা;<br>• মাসিক সমন্বয় সভায় বিভাগ/অধিদপ্তরওয়ারী ইনোভেশন ও উত্তম চর্চা বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক ছকে উপস্থাপন করা।<br><br>বাস্তবায়নে: অধিদপ্তর (সকল)/প্রশাসন ও অর্থ অনুবিভাগ/চীফ ইনোভেশন কর্মকর্তা।</td>
</tr>
<tr>
<td>২.১৩</td>
<td colspan="2">মামলাঃ</td>
</tr>
<tr>
<td></td>
<td>সুরক্ষা সেবা বিভাগের অধীনস্থ দপ্তরসমূহের মামলার অগ্রগতি নিম্নরূপ:
<table>
<tr><th>অধিদপ্তরের নাম</th><th>অনিষ্পন্ন মামলার সংখ্যা</th><th>সর্বশেষ অবস্থা</th></tr>
<tr><td>বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর</td><td>টাইটেল স্যুট-০১<br>দেওয়ানি-০১<br>এটি মামলা-০৮টি<br>রিট পিটিশন-১৪৭টি</td><td>বিচারাধীন</td></tr>
<tr><td>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর</td><td>এটি মামলা-০৩টি<br>এএটি মামলা-০৪টি<br>রিট পিটিশন-৪৮টি</td><td>বিচারাধীন</td></tr>
<tr><td>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর</td><td>এটি মামলা-১৫টি<br>এএটি মামলা-০২টি<br>রিট পিটিশন-৩৬টি<br>লিভ টু আপিল-০২টি</td><td>বিচারাধীন</td></tr>
<tr><td>কারা অধিদপ্তর</td><td>এটি মামলা-৫০টি<br>এএটি মামলা-১৭টি<br>রিট মামলা-১৬টি<br>লিভ টু আপিল-১২টি<br>সিভিল রিভিশন-০১টি</td><td>বিচারাধীন</td></tr>
</table>
</td>
<td>• অধিদপ্তরসমূহের মামলা বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নিয়ে সভা করে মামলা সংক্রান্ত তথ্য, মামলার ধরন কোর্টওয়ারী হালকরণ করে এ বিভাগ থেকে প্রদত্ত ছকে যুগ্মসচিব(আইন) কর্তৃক প্রণয়নপূর্বক সমন্বয় সভায় উপস্থাপন করা;<br>• মামলায় সরকারি স্বার্থ রক্ষা করে নিষ্পত্তির সংখ্যা বৃদ্ধি করা;<br>• তদবিরের অভাবে কোন মামলা যেন খারিজ না হয় সেদিকে লক্ষ্য রাখা;<br>• আদালতে যেন সরকারি স্বার্থ রক্ষা হয় সে জন্য সকল অধিদপ্তরে আপিল নিষ্পত্তি কর্মকর্তা নিয়োগ করা;<br>• বেসরকারিভাবে নিয়োগ প্রাপ্ত আইনজীবীদের মামলার দায়িত্ব প্রদান করা;<br>• চলমান মামলাসমূহ যথাযথভাবে follow up এ রাখা;<br>• মাসিক সমন্বয় সভায় সংস্থাওয়ারী মামলার অগ্রগতি উপস্থাপন করা;<br>• প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল মামলা, কোর্টভিত্তিক মামলা এবং অন্যান্য ক্যাটাগরির মামলা আলাদা কলামে উল্লেখ করা;<br><br>বাস্তবায়নে: অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/আইন ও শৃঙ্খলা অনুবিভাগ।</td>
</tr>
<tr>
<td>২.১৪</td>
<td colspan="2">বিবিধ :</td>
</tr>
<tr>
<td></td>
<td>১৪.১ ভিডিও কনফারেন্স:</td>
<td>• প্রত্যেক মাসে একাধিক ভিডিও কনফারেন্স এর আয়োজন করা।<br><br>বাস্তবায়নে: অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/উপসচিব(কারা অধিশাখা।</td>
</tr>
</table>

৩। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।